

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর  
জেসপ বিল্ডিং, ৬৩, নেতাজী সুভাষ রোড  
কোলকাতা-৭০০০০১

স্মারক সংখ্যা: ৮৩৫৬/(৩২)আর ডি/ পি এইচ এন্ড এস/পি এইচ/২ এস -৪ /০৮

তাং ২১/১২/০৯

প্রেরক: মানবেন্দ্র নাথ রায়, প্রধান সচিব।

প্রাপক: ১)সভাধিপতি -----জেলা পরিষদ (বাঁকুড়া জেলা ও শিলিগুড়ি মহকুমা ব্যতীত)  
২)জেলাশাসক ও নির্বাহী আধিকারিক-----জেলা পরিষদ (বাঁকুড়া জেলা ও শিলিগুড়ি  
মহকুমা ব্যতীত)

**বিষয় : গ্রাম পঞ্চায়েতে চিকিৎসাকেন্দ্র স্থাপন**

মহাশয়/মহাশয়া,

আপনাদের জ্ঞাতার্থে জানাই যে, রাজ্য সরকার প্রতিটি চিকিৎসা পরিষেবাবিহীন গ্রামপঞ্চায়েতে একটি করে চিকিৎসা কেন্দ্র খোলার সিদ্ধান্ত নিয়েছেন। যে সব গ্রামপঞ্চায়েতে কোনো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, গ্রামীণ হাসপাতাল বা স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তর কর্তৃক মঞ্জুরীকৃত কোনো হোমিওপ্যাথিক বা আয়ুর্বেদিক চিকিৎসাকেন্দ্র বা জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের আর্থিক সহায়তায় কোনো অ্যালোপ্যাথিক চিকিৎসাকেন্দ্র নেই, সেই গ্রামপঞ্চায়েতগুলির তালিকা আপনারা ইতিমধ্যেই প্রস্তুত করেছেন। ঐ গ্রামপঞ্চায়েতগুলিতে কোন ধরনের চিকিৎসাকেন্দ্র চালানো যেতে পারে তা ঐ গ্রামপঞ্চায়েত/পঞ্চায়েত সমিতি এলাকায় কোন ধরনের চিকিৎসক পাওয়া যাবে, তার উপর ভিত্তি করে সংশ্লিষ্ট গ্রামপঞ্চায়েতের প্রধানের সঙ্গে আলোচনা করে স্থির করতে অনুরোধ করছি।

হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক চিকিৎসাকেন্দ্রের সংখ্যা নির্দিষ্ট করার পূর্বে (এই পত্রের সঙ্গে সংযোজিত সারণি) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর কর্তৃক গ্রামপঞ্চায়েতসমূহে মঞ্জুরীকৃত জেলাওয়ারি হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক চিকিৎসাকেন্দ্র যতগুলি চালু করতে বাকি আছে, তা বাদ দিতে হবে এবং কোন কোন গ্রামপঞ্চায়েতে ঐ চিকিৎসাকেন্দ্রগুলি চালানোর সিদ্ধান্ত ইতিপূর্বে নেওয়া হয়েছে তা নির্দিষ্টভাবে জানাতে হবে। প্রসঙ্গতঃ আরো জানানো যেতে পারে যে, যে সকল চিকিৎসাকেন্দ্রে ডাক্তার নিয়োগ সংক্রান্ত বিষয়টি মহামান্য আদালতে বিচারধীন আছে অথবা মহামান্য আদালতের আদেশক্রমে স্থগিত আছে, সেই সকল গ্রাম পঞ্চায়েত ছাড়া অন্য গ্রামপঞ্চায়েতে চিকিৎসাকেন্দ্র খোলার জন্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে। চিকিৎসাকেন্দ্রে ডাক্তারের নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুব শীঘ্রই পাঠানো হবে এবং ঐ নিয়ম অনুযায়ী ডাক্তার নিয়োগ করতে হবে।

আপনার জেলায় কোন গ্রামপঞ্চায়েতে কোন ধরনের পরিষেবা চালু করা সম্ভব এবং মোট কতগুলি হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক, অ্যালোপ্যাথিক ও ইউনানি পদ্ধতির চিকিৎসাকেন্দ্র খোলা যেতে পারে তা আগামী ১৫/০১/২০১০ তারিখের মধ্যে এই পত্রের সঙ্গে সংযুক্ত নির্দেশ পূরণ করে আমাদের দপ্তরে পাঠানোর জন্য অনুরোধ করছি।

ইতি-  
ভবদীয়

প্রধান সচিব

স্মারক সংখ্যা: ৮৩৫৬(৩২)/১(৪৮)/আর ডি/ পি এইচ এন্ড এস/পি এইচ/২ এস -৪ /০৮  
অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হোলো।

তাং ২১/১২/০৯

- ১) অতিরিক্ত নির্বাহী আধিকারিক-----জেলা পরিষদ।
- ২) কর্মাধ্যক্ষ জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি,-----জেলা পরিষদ।
- ৩) সচিব-----জেলা পরিষদ।

যুগ্ম সচিব

<b><u>Status of Gram Panchayat level Dispensaries</u></b>						
<b>Name of the Districts</b>	<b>Status of Dispensaries sanctioned under State Budget</b>					
	<b>Homoeopathic</b>			<b>Ayurvedic</b>		
	<b>Total no. of Homeopathic Dispensaries Sanctioned</b>	<b>Homoeopathic Dispensaries Approved</b>	<b>Yet to be approved</b>	<b>Total No. of Ayurvedic Dispensaries Sanctioned</b>	<b>Ayurvedic Dispensaries Approved</b>	<b>Yet to be approved</b>
Siliguri M.P.	10	10	0	5	5	0
D.G.H.C.	19	0	19	0	0	0
Jalpaiguri	41	41	0	5	0	5
Cooch Behar	40	40	0	5	5	0
Uttar Dinajpur	35	35	0	5	0	5
Dakshnin Dinajpur	33	30	3	5	0	5
Murshidabad	70	69	1	14	4	10
Purulia	50	50	0	14	9	5
Malda	50	47	3	5	5	0
Burdwan	70	62	8	14	12	2
Birbhum	57	57	0	14	14	0
Bankura	68	67	1	14	14	0
Howrah	47	47	0	14	14	0
Hooghly	53	52	1	14	14	0
Purba Medinipur	66	66	0	15	13	2
Paschim Medinipur	82	81	1	15	8	7
North 24 Parganas	60	60	0	14	14	0
South 24 Parganas	70	70	0	14	14	0
Nadia	57	55	2	14	13	1
<b>Total</b>	<b>978</b>	<b>939</b>	<b>39</b>	<b>200</b>	<b>158</b>	<b>42</b>

